

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাতার, ঢাকা  
[www.shniyd.gov.bd](http://www.shniyd.gov.bd)

বিষয়ঃ শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার র‍্যাপোর্টিয়ারের প্রতিবেদন।

প্রধান অতিথি : জনাব আবু তাহের মোঃ মাসুদ রানা, মহাপরিচালক, (অতিরিক্ত সচিব)  
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।  
সভাপতি : জনাব মোঃ রফিকুল ইসলাম  
রেজিস্ট্রার (যুগ্ম সচিব)  
তারিখ : ১৭ জানুয়ারি ২০২৪  
সময় : দুপুর ১২.০০ টা  
স্থান : হল রুম, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

০২. উপস্থাপনাঃ

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী “সুশাসন” প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে “অংশীজনের সভা” ১৭.০১.২০২৪ খ্রিঃ তারিখে বেলা ১২:০০ টায় ইনস্টিটিউটের হলরুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আবু তাহের মোঃ মাসুদ রানা, মহাপরিচালক, (অতিরিক্ত সচিব) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। সভায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের রেজিস্ট্রার জনাব মোঃ রফিকুল ইসলাম।

সভায় জনাব কামরুন নাহার, উপপরিচালক (প্রশাসন ও অর্থ) বিগত সভার সার্বিক বিষয়াদি ও সুপারিশমালা তুলে ধরে গৃহীত প্রয়োজনীয় পদক্ষেপ সমূহ উপস্থাপন করেন। তিনি গত সভার প্রশিক্ষণার্থীদের প্রদত্ত সুপারিশ সমূহের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম উল্লেখ করে গত সভায় উপস্থিত অংশীজনের (প্রশিক্ষণার্থী) মধ্যে কারও বক্তব্য থাকলে তা উপস্থাপনের আহ্বান জানান। এরই প্রেক্ষিতে দুজন অংশগ্রহণকারী নিম্নরূপ মতামত ব্যক্ত করেনঃ

ক্রমিক নং	অংশীজনের নাম	কোর্সের নাম	পদত্ত সুপারিশ
১.	ইমাম হোসেন সৈকত	ডিপ্লোমা ইন ওয়েব এপ্লিকেশন এন্ড ওয়েব ডেভেলপমেন্ট	পুরুষ হোস্টেলের চার তলা ও পঞ্চম তলার বাথরুমের সমস্যা এখনও সমাধান হয় নাই। অনেক ওয়াশরুম এখনও তিক হয়নি। ডাইনিং এ চেয়ার ও প্লেট এর সংখ্যা কম আছে। রিজার্ভ ট্যাংক পরিষ্কার করতে হবে।
২.	পার্থ প্রতিম বিশ্বাস	ডিপ্লোমা ইন আইসিটি	শ্রেণিকক্ষে কিছু নেটওয়ার্কিং ডিভাইস প্রয়োজন।

অতঃপর আলোচনায় অংশ নিয়ে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের সম্মানিত রেজিস্ট্রার স্যার উল্লেখ করেন যে, ২০১২ সালে “জাতীয় শূদ্ধাচার কৌশল” প্রণয়ন করা হয়েছে। পৃথিবীর উন্নত দেশগুলো সুশাসনে এগিয়ে আছে। সুশাসনের জন্য রাষ্ট্রীয় কাঠামোগুলোর উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। তিনি আরো বলেন শূদ্ধাচারের ধারণায় নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত

উৎকর্ষ, কালের বিবর্তনে যে সমস্ত বিষয়গুলো প্রতিষ্ঠিত সে মানদণ্ড গুলো চলমান রাখতে হবে। তিনি শুদ্ধাচারের ধারণাগুলো সম্যক উপস্থাপন করেন।

#### ০৩. আলোচনাঃ

(১) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, (২) তথ্য অধিকার আইন ২০০৯ এর যথাযথ বাস্তবায়ন, (৩) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS), ও (৪) ইনস্টিটিউটের সার্বিক কর্ম পরিবেশ উন্নয়ন ও প্রশিক্ষণের মানোন্নয়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়।


#### ০৪. উন্মুক্ত আলোচনাঃ

অতঃপর সভায় অংশগ্রহণকারী অংশীজন উন্মুক্ত আলোচনায় অংশ গ্রহণ করেন এবং নিম্নবর্ণিতভাবে সুপারিশমালা পেশ করেনঃ

ক্রমিক নং	অংশীজনের নাম	কোর্সের নাম	প্রদত্ত সুপারিশ
০১	মো: বায়েজিদুর রহমান	ডিজিটাল মার্কেটিং	লাইব্রেরিতে সময় বৃদ্ধি ( বিকাল ৫:০০ - রাত ৯:০০ টা পর্যন্ত)
০২	রাফিক আব্বাস	গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া	মাল্টিপ্লাগের পরিবর্তে ওয়াল মাউন্টেট এর ব্যবস্থা করা।
০৩	চৈতী	ডিজিটাল মার্কেটিং	শ্রেণিকক্ষে ওয়াই-ফাই স্পিড বাড়াতে হবে।
০৫	মো: শাওন	বেকারী এন্ড পেস্টি প্রোডাকশন	প্রয়োজনীয় যন্ত্রপাতি যেমন স্ট্যান্ড এবং বেকারি সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতির ব্যবস্থাকরণ
০৪	হাসিমনি	ডিপ্লোমা ইন আইসিটি	মার্কেট প্লেসে কাজ করার গাইডলাইন লাগবে।
০৬	আব্দুল আল মাসুম	ডিপ্লোমা ইন হোটেল ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট	হোটেলে ইন্টারশীপ এর ব্যবস্থাগ্রহণ

#### ০৫. সমাপ্তি ঘোষণাঃ

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় এ সভার সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
০১. ২০২৪ ইং

রুমুর রায়  
র্যাপোর্টিয়ার

ও

সহকারী পরিচালক (গবেষণা)  
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট